# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইন্সটিটিউট( হাইস্কুল)

## নবম শ্রেণি ( বাংলা)

## নমুনা উত্তরপত্রঃ ওয়ার্কশিট (১)

- **(১) বহুবিকল্পভিত্তিক উত্তরঃ**

**১)খ)** সাপ

**২) ক)** সাতদিন

**৩) ঘ)** বীর হনুমান

**৪) গ)** চণ্ডীমঙ্গল

**৫) খ)** সবুজ

**৬) ঘ)** না ধনী না দরিদ্র

**৭) গ)** দুইজন

**৮) ক)** পবিত্র গ্রন্থে

**৯) গ)** আরামপ্রিয়

**১০) ক)** পঞ্চাশ বছর।

- **(২) অতিসংক্ষিপ্ত উত্তরঃ**

**১) 'কলিঙ্গদেশে ঝড়বৃষ্টি' কবিতায় চার মেঘ থেকে মুষলধারে বর্ষণ হওয়ার কথা বলা হয়েছে। চার মেঘ, অর্থাৎ সম্বর্ত, আবর্ত, পুষ্কর, দ্রোণ।**

**২) জৈমিনি মুনি 'মীমাংসা দর্শন' প্রণেতা একইসঙ্গে তিনি বজ্রপাত নিবারক। কলিঙ্গদেশের প্রজারা দুর্যোগ থেকে রক্ষা পেতে জৈমিনি মুনিকে স্মরণ করেছিল।**

**৩) কবিতার শেষে কবির নাম উল্লিখিত থাকলে তাকে ভণিতা বলে।**

**৪) ইলিয়াস উফা প্রদেশে বসবাস করত।**

**৫) 'এটা তামাশা নয়' - কথাটি বলেছিল গল্পের মূল চরিত্র ইলিয়াস।**

- **গ) রচনাধর্মী উত্তরঃ**

**উঃ** লিও তলস্তয় রচিত 'ইলিয়াস' গল্পে (মূলগ্রন্থঃ **Selected Stories)** মানবজীবনের উত্থান পতনের শাশ্বত চিত্রটি অঙ্কিত হয়েছে।

- ***প্রতিবেশীর পরিচয়->*** ইলিয়াসের প্রতিবেশী ছিলেন মহম্মদ শা। তিনি ইলিয়াসের দুর্দশাপূর্ণ জীবনে আশার আলো এনে দেন। ইলিয়াস সর্বহারা হয়ে পড়লে এই দয়াপরায়ণ অতিথিবৎসল প্রতিবেশীর কাছেই সে আশ্রয় পায়।

- ***ধন্যবাদ দেওয়ার কারণ ->*** পিতার মৃত্যুর পর ইলিয়াস ও তার স্ত্রী দিনরাত পরিশ্রমের মাধ্যমে পার্থিব সম্পত্তির পরিমাণ বাড়িয়ে তুলেছিল। দীর্ঘ পঁয়ত্রিশ বছরের পরিশ্রমে সে সম্পত্তিবান হলেও তার মানবিক বোধ সে ভুলে যায়নি। তার অতিথিপরায়ণতার কথা সকলেরই অবহিত ছিল।ইলিয়াসের এই অবস্থা দেখে তার প্রতিবেশীরা ঈর্ষা করত, বলত **'ইলিয়াস তো ভাগ্যবান পুরুষ'।**

  কিন্তু পরবর্তী সময়ে ইলিয়াসের জীবনে বিপর্যয় নেমে আসে। তার আয়েশি সন্তানরা একজন মারামারিতে পড়ে মারা যায়, অপরজন ইলিয়াসের কিছু সম্পত্তি নিয়ে স্ত্রীর সঙ্গে আলাদা হয়ে যায়। এর ফলে ইলিয়াসের সম্পত্তিতে টান পড়ে। প্রাকৃতিক দুর্যোগে আর কিরবিজদের কারণে তার অবশিষ্ট সম্পত্তিও চলে যায়।ইতিমধ্যে ইলিয়াস বার্ধক্যের দ্বারা পীড়িত। তার কন্যাসন্তানটিও মৃত। সমস্ত দিক থেকে সে সর্বহারা হয়ে পড়ে। এই অবস্থায় সকলে ইলিয়াসের পরিণতিকে এড়িয়ে গেলেও মহম্মদ শা'র ইলিয়াসের ও শাম শেমাগীর অবস্থা দেখে করুণা হল। ইলিয়াস ও তার স্ত্রীকে মহম্মদ শা নিজের বাড়িতে আশ্রয় দিলেন। প্রতিবেশীর এই মানবিকতাবোধই ইলিয়াসকে মুগ্ধ করে এবং সে আন্তরিক ভাবে ধন্যবাদ জানায় প্রতিবেশীকে।